

INTERNATIONAL NUTRITION OLYMPIAD 2021

Let The Youth Lead

Strategic
Partners:National
Nutrition
ServicesScaling Up
NUTRITION
ENGAGE • INSPIRE • INVESTACT4FOOD
ACT4CHANGEeuglena^{eo}

চিত্রাঙ্কন প্রতিযোগিতার নির্দেশিকা

কিশোর-কিশোরী এবং তরুণদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে পুষ্টি সমৃদ্ধ সমাজ গঠনে সমিলিত উদ্যোগের বার্ষিক জাতীয় অনুষ্ঠান হলো নিউট্রিশন অলিম্পিয়াড। BIID Foundation বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের সহযোগিতায় যৌথ ভাবে ২০১৭ সাল থেকে এই অনুষ্ঠানের আয়োজন করে আসছে। পুষ্টি বিষয়ে জাতীয় এবং আন্তর্জাতিক লক্ষ্য সমূহ অর্জনে তরুণদের নেতৃত্বে নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে।

আগামী ২১ ডিসেম্বর, ২০২১ “আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১” আয়োজন করা হবে। নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজনকে সমগ্র বিশ্বে ছড়িয়ে দিতে এবং কিশোর-কিশোরী ও তরুণদের অংশগ্রহণকে উৎসাহিত করার জন্য ২০২১ সাল থেকে আন্তর্জাতিক পর্যায়ে নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজনের উদ্যোগ নেওয়া হয়েছে। প্রতিবারের মতো এবারো নিউট্রিশন অলিম্পিয়াডে বিভিন্ন প্রতিযোগিতা ও কার্যক্রম এর আয়োজন করা হয়েছে।

এ বছর আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড এ চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ১০-২৪ বছর বয়সীদের আহ্বান করা হচ্ছে। চিত্রাঙ্কন প্রতিযোগিতার নিয়মাবলী নীচে দেয়া হলোঃ

বয়স ভিত্তিক গ্রুপ:

ক	খ
১০-১৮	১৯-২৪

বিষয়বস্তু:

ক গ্রুপ: “পুষ্টি সমৃদ্ধ খাবার”।

খ গ্রুপ: “খাদ্যের নিরাপত্তা ও পুষ্টিমান রক্ষায় তরুণদের ভূমিকা”।

প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নির্দেশনা:

যোগ্যতাঃ নিউট্রিশন ক্লাব সদস্য, শিক্ষার্থী এবং নির্ধারিত বয়সীমার সকল কিশোর-কিশোরী, তরুণ-তরুণী যারা আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ এর ওয়েবসাইট এর মাধ্যমে রেজিস্ট্রেশন করবে তারা সবাই অংশগ্রহণ করতে পারবেন।

রেজিস্ট্রেশন: আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ ওয়েবসাইট এর মাধ্যমে প্রত্যেক অংশগ্রহণকারীকে রেজিস্ট্রেশন এর সময় প্রতিযোগিতার বিষয় “চিত্রাঙ্কন প্রতিযোগিতা” নির্বাচন করতে হবে।



কাগজের মাপ: A4 সাইজ।

কাগজের ধরন: যেকোন ধরনের কাগজ।

রেজিস্ট্রেশন এর শেষ সময়: ১০/১২/২০২১

স্কোরিং:

ক্রমিক নং	বিষয়বস্তু	নম্বর
১.	মূল বিষয় উপস্থাপন	৪০
২.	রং এর সামঞ্জস্যতা	৪০
৩.	ভিডিও	১০
৪.	নিয়মাবলী অনুসরণ	১০

চিত্রাঙ্কন তৈরির নির্দেশনা:

- মূল বিষয় ঠিক রেখে অংশগ্রহণকারীকে নিজে হাতে ছবি আঁকতে হবে।
- অবশ্যই রং ব্যবহার করে ছবি আঁকতে হবে, পেনিল স্কেচ গ্রহণযোগ্য নয়।

প্রাথমিক বাচাই:

১০/১২/২০২১ তারিখে BIID Foundation এর পক্ষ থেকে একটি ZOOM লিংক দেওয়া হবে, যেখানে ১১/১২/২০২১ তারিখে সরাসরি অংশগ্রহণ করতে হবে। ০২ ঘন্টা সময়ের মধ্যে অঙ্কন সম্পন্ন করে প্রদর্শন করতে হবে।

চূড়ান্ত বাচাই:

১৫/১২/২০২১ তারিখে প্রাথমিক বাচাই থেকে বাচাইকৃত প্রতিযোগীদেরকে চূড়ান্ত বাচাইয়ের জন্য ZOOM লিংক ই-মেইলে দেয়া হবে। ই-মেইলের সাথে চিত্রাঙ্কন প্রতিযোগিতার পরবর্তী বিষয় জানিয়ে দেয়া হবে এবং একটি Google Form দেওয়া হবে যেখানে চিত্রাঙ্কনের একটি স্পষ্ট ছবি প্রতিযোগিতা শেষ হওয়ার ১৫ মিনিটের মধ্যে সাবমিট করতে হবে। ১৮/১২/২০২১ তারিখে চূড়ান্ত বাচাই অনুষ্ঠিত হবে।

যোগাযোগ: চিত্রাঙ্কন প্রতিযোগিতা বিষয়ে যেকোন প্রশ্ন থাকলে যোগাযোগ করুন, আসহাব আল ইয়ামিন এর সাথে, ফোন: +৮৮০১৭৬৭৫০২৬৩৬, অথবা ই-মেইল করুন: ashabalyeamin123@gmail.com, অথবা ই-মেইল: ino@biid.org.bd, ফোন: +৮৮০১৭৮২৫১০০৮৯ এই ঠিকানায়।

বিশেষ দ্রষ্টব্য:

- প্রতিযোগিতার সময় ক্যামেরা অন রাখতে হবে।
- যেকোনো প্রকারের অসদুপায় অবলম্বনের চেষ্টা করলে অযোগ্য ঘোষণা করা হবে।
- বিচারকগণের সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।

অন্যান্য:

- নির্বাচিত ছবিগুলো আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াডের দিন প্রদর্শন করা হবে এবং অলিম্পিয়াড পরবর্তী সময়ে BIID Foundation এর সামাজিক যোগাযোগ মাধ্যমে দেখানো হবে।
- নির্বাচিত ছবি সমূহ BIID Foundation এর ওয়েবসাইটে আপলোড করা হবে।

একজন অংশগ্রহণকারী/একটি দল সর্বোচ্চ তিনটি প্রতিযোগিতার জন্য আবেদন করতে পারবে।

